গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত সেপ্টেম্বর, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী<br>সচিব |
| সভার তারিখ | ১৩ সেপ্টেম্বর ২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০টা |
| স্থান | জুম অনলাইন প্ল্যাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর আওতাধীন প্রতিটি অধিদপ্তর ও উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)কে অনুরোধ করেন। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করেন।

| ক্রম | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | |
|---|---|---|---|
| ২.১ | **গত সভার (আগস্ট, ২০২২) কার্যবিবরণী দৃঢ়ীকরণ : আগস্ট**, ২০২২-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | আগস্ট, ২০২২-এর সমন্বয়সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা দৃঢ়ীকরণ করা হয়। | |
| **ক্রম** | **বিষয় ও আলোচনা** | **সিদ্ধান্তসমূহ** | **বাস্তবায়নকারী** |
| ২.২ | **(ক) কোভিড-১৯ পরিস্থিতি** : সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন দপ্তরসমূহে করোনাভাইরাসে ১৬৮৫ (তারিখ-১২.০৯.২০২২) (এসএসডি-৪২+এফএসসিডি-৪৯৫+প্রিজন-৭৬১+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৬) জন আক্রান্ত হয়েছেন। এ পর্যন্ত ১৬৭৬ (এসএসডি-৪২+এফএসসিডি-৪৯২+প্রিজন-৭৪৭+ডিআইপি-১৫১+ডিএনসি-২৩৪) জন সুস্থ হয়েছেন। সুস্থতার হার ৯৯.৪৬%। ৮ (এফএসসিডি-৩+প্রিজন-৩+ডিএনসি-২) জন মৃত্যুবরণ করেছেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সকল কর্মচারীকে বুষ্টার ডোজ গ্রহণ ও মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি অনুসরণ করে দৈনন্দিন কার্য সম্পাদনের উপর বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। | ১)সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল কর্মকর্তা/কর্মচারী যেন কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি মেনে চলে তা নিশ্চিত করতে হবে। | **সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা।** |
| ২.৩ | **(ক)মসবৈ-০৫(০২)-২০১৪, তারিখ: ১০ ফেব্রুয়ারি ২০১৪: সিদ্ধান্ত:৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।-বাস্তবায়িত ।** | --- | -- |
| | **(খ) মসবৈ-১৪(০৫)-২০১৪, তারিখ : ০৫ মে ২০১৪: সিদ্ধান্ত: ৮। সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত বাংলাদেশ ও সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন করা হইল।-বিষয়টি পররাষ্ট্র মন্ত্রণালয়ে পেন্ডিং আছে-বাস্তবায়িত ।** | --- | --- |

| | | |
|---|---|---|
| <u>(গ) ২৪ অক্টোবর ২০১৯/১২ কার্তিক ১৪২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত:১৪।</u> **বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে স্বাক্ষরের জন্য 'Agreement between The Government of The Republic of South Africa and The Government of the People`s Republic of Bangladesh regarding the waiver of Visa requirement for holders of Diplomatic and Official Passports' শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**-চুক্তিটি চূড়ান্ত স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে এ বিভাগ-কে অবহিতকরণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়।পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আফ্রিকা) জনাব মোঃ তারিকুল ইসলাম জানান সাউথ আফ্রিকা উক্ত চুক্তি স্বাক্ষরে আগ্রহী নয়। | ১)বাংলাদেশ ও সাউথ আফ্রিকার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের বিষয়ে করণীয় সম্পর্কে পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| **(ঘ) ৩১ মে ২০২১/ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্ত: ১৪। বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তির খসড়া অনুমোদন করা হইল।** ('Agreement between The Government of The People's Republic of Bangladesh and The Government of the Republic of Botswana on visa exemption for holders of Diplomatic and Official Passports') **শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন**<br><br>চুক্তিটি চূড়ান্ত স্বাক্ষরের বিষয়ে সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে এ বিভাগ-কে অবহিতকরণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (আফ্রিকা) জনাব মোঃ তারিকুল ইসলাম জানান মাননীয় পররাষ্ট্র মন্ত্রীর বতসওয়ানা সফরকালে উক্ত চুক্তিটি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে। | ১)বাংলাদেশ ও বতসোয়েনার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| স্মারক নং- ৫৮.০০.০০০০.০৪১.০১.০০৪.১৭.৫৬, তারিখ ১১ মে ২০২২<br><br>**বিষয় : বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তি সংক্রান্ত।**<br><br>• **চুক্তিটি স্বাক্ষরের প্রস্তুতকালীন কাতারের মান্যবর আমীর মৃত্যুবরণ করায় চুক্তিটি স্বাক্ষরিত হয়নি। পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের পক্ষে চুক্তি পত্রে স্বাক্ষরকারী কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়। চুক্তিটি শীঘ্রই স্বাক্ষর হবে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে জানানো হয়েছে।** | বাংলাদেশ ও স্টেট অব কাতার সরকারের মধ্যে প্রস্তাবিত ডিপ্লোম্যাটিক, স্পেশাল এবং অফিসিয়াল পাসপোর্টধারীগণের ক্ষেত্রে ভিসা অব্যাহতি চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয় এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |
| **স্মারক নং- ৫৮.০০.০০০০.০৪১.০১.০০১.১৭.৪১, তারিখ ২৩.০৩.২০২২**<br><br>**(৫) বিষয় : বাংলাদেশ ও ওমান সরকারের মধ্যে কূটনৈতিক, অফিসিয়াল, স্পেশাল এবং সার্ভিস পাসপোর্টধারীগণের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি অনুমোদন**-বাস্তবায়িত। | --- | --- |
| **(ঙ) মসবৈ-২২(১২)/২০২১, তারিখ: ১৯ ডিসেম্বর ২০২১**<br>**বিষয় : বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে** 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-**শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন।**<br><br>**মন্ত্রিসভার সিদ্ধান্ত:২০।সারসংক্ষেপের সহিত উপস্থাপিত বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে** 'Agreement between the Government of the People's Republic of Bangladesh and the Government of the Republic of Maldives on Transfer of Prisoners'-**শীর্ষক চুক্তির খসড়া অনুমোদন করা হইল।**<br><br>**খসড়া চুক্তিটি পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে মালদ্বীপ সরকারের নিকট প্রেরণ করা হয়। মালদ্বীপ সরকার অনুমোদিত খসড়া চুক্তিতে আরো কিছু সংশোধনী প্রস্তাব প্রেরণ করে। উক্ত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকারের মতামত/অবস্থানের জন্য বিষয়টি অপেক্ষমান রয়েছে।** | ১)বাংলাদেশ ও মালদ্বীপের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তিটি স্বাক্ষরের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়-এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | **অতিরিক্ত সচিব (নিরাঃ ও বহিঃ)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** |

| | | |
|---|---|---|
| **(চ)মসবৈ-০৫(০২)-২০১৬, তারিখ :০১ ফেব্রুয়ারি ২০১৬**<br>**সিদ্ধান্ত:৮।মন্ত্রিসভা বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সঙ্গে উপস্থাপিত 'বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইল।**<br>বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিংআছে। | ১)লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে ভেটিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | **সকল অনুবিভাগ প্রধান/সংশ্লিষ্ট শাখা প্রধান।** |
| **(ছ) মসবৈ-২৯(১০)-২০০৬, তারিখ : ০৯.১০.২০০৬ ।**<br>**বিষয়:জেল কোড সংশোধনের প্রস্তাব চূড়ান্ত অনুমোদন। মন্ত্রিসভার সিদ্ধান্ত-৮.৩: এর যেই সকল সংশোধন বা সংস্কার সম্পর্কিত বিধান বিভিন্ন আইনের সহিত সংশ্লিষ্ট প্রথমে উক্ত আইন/আইনসমূহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে সংশোধন করিবার উদ্যোগ গ্রহণ করিয়া পর্যায়ক্রমে Jail Code সংশোধিত বিধানসমূহ কার্যকর করিতে হইবে।**<br>বর্তমানে Bangladesh Prison's and Correctional Services Act-২০২১ এর প্রণয়ন কাজ চলমান। এ বিভাগ হতে ০১ জুন ২০২২ তারিখে 'বাংলাদেশ প্রিজন্স এন্ড কারেকশনাল সার্ভিসেস এ্যাক্ট, ২০২২' এর খসড়া লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>**৮.৪। Jail Code-এর বাংলা ভাষায় একটি অনুবাদ প্রকাশ করিবার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।** | ১)Bangladesh Prison's and Correctional Services Act, ২০২১-এর খসড়া প্রণয়নের অবশিষ্ট কাজ দুত সম্পন্ন করতে হবে। | **আইজি প্রিজন/অতিরিক্ত সচিব (কারা)/সংশ্লিষ্ট উপকমিটি।** |
| **(জ) মসবৈ-১৪(০৮)/২০১৯, তারিখ : ২৬ আগস্ট ২০১৯**<br>**সিদ্ধান্ত: ৯.৩। ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন করিবার বিষয়ে মন্ত্রণালয়/বিভাগের সচিবগণ কার্যকর উদ্যোগ গ্রহণ করিবেন।**<br>সভাকে জানানো হয়, ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইন ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি। The Bangladesh passport order 1973 (President's Order no.09 of 1973) এর আলোকে বাংলাদেশ পাসপোর্ট আইন ২০২০ এর খসড়া যাচাই-বাছাই করত: ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে ১৭ ডিসেম্বর ২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>বাংলাদেশ পাসপোর্ট আইন, ২০২০ প্রণয়ন করা হলে, The Bangladesh Passport Order, 1973 , The Passport Act, 1920 এবং The Passport (Offences) Act, 1952 রহিত হতে পারে।<br><br>উল্লেখ্য, The Citizenship Act, 1951 এবং The Bangladesh Citizenship (Temporary Provisions Order), 1972 বাংলায় প্রণয়ন সুরক্ষা সেবা বিভাগে প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>নিম্নোক্ত ৩ (তিন)টি আইনের বাংলা 'ল' ফার্ম দ্বারা অনুবাদ করে অধিদপ্তর কর্তৃক যাচাই-বাছাই করত: সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে।<br>The Registration of Foreigners Act, 1939<br>The foreigners Act 1946<br>The control of Entry Act, 1952<br><br>এ প্রসঙ্গে সভায় উপস্থিত বহিরাগমন-১ অধিশাখা ও বহিরাগমন-৪ শাখার কর্মকর্তা এ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের একটি পত্র পাঠ করে শুনান। তিনি বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাসনামলে প্রণীত রাস্ট্রপতির আদেশ ও আইনসমূহ পরিবর্তিত প্রেক্ষাপটে কোন রুপ সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন এর আবশ্যকতা দেখা দিলে ঐগুলো রোহিত না করে কেবল প্রয়োজনানুযায়ী সংশোধনের উদ্যোগ গ্রহণ করা সমীচীন হবে'। | ১)ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-এর ৫টি ও কারা অধিদপ্তর সংশ্লিষ্ট ৩টি আইন যুগোপযোগী করে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনাযায়ী বাংলায় প্রণয়ন কার্যক্রম দুত সম্পন্ন করতে হবে । | **সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।** |

<table>
<tr>
<td>২.৪</td>
<td>
জনবল :
<table>
<tr><th>দপ্তর/সংস্থা</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th></tr>
<tr><td>এসএসডি</td><td>২৭৭</td><td>২০৬</td><td>৭১</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>৩০৫৯</td><td>১৯১৯</td><td>১,১৪০</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১৪,৪৪৩</td><td>১২,১৬২</td><td>২,২৮১</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১২,১৭৮</td><td>১০,৪১৬</td><td>১,৭৬২</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>১,১৮৪</td><td>১,১৪২</td><td>৪২</td></tr>
<tr><td>মোট =</td><td>৩১,১৪১</td><td>২৫,৮৪৫</td><td>৫,২৯৬</td></tr>
</table>
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর গ্রন্থাগার সহকারী ১টি এবং ওয়্যারলেস অপারেটর-এর ৬টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।
কারা অধিদপ্তরের ১৪টি ডেপুটি জেলার ও ৫টি মহিলা ডেপুটি জেলার ৪০তম বিসিএস হতে পদ পূরণের ব্যবস্থা গ্রহণের জন্য কারা অধিদপ্তর হতে সুরক্ষা সেবা বিভাগে পত্র প্রেরণ করা হয়। ডেপুটি জেলার ১২টি ও মহিলা ডেপুটি জেলার-১টি পদ ৪৫তম বিসিএস হতে পূরণের জন্য অধিযাচন পত্র প্রেরণ করা হয়েছে।
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ফায়ার ফাইটার-এর ৪৫০টি ও ওয়ার্কশপ হেলপার এর-৬টি পদের নিয়োগ কার্যক্রম চলমান আছে।
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর এর সাব অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৪টি পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের প্রস্তাব সুরক্ষা সেবা বিভাগে ৩০ জুন ২০২১ তারিখে প্রেরণ করা হয়েছে।
</td>
<td>
১)অধিদপ্তরসমূহের সকল শূন্যপদেরবিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে ও স্বচ্ছতার সাথেসম্পন্ন করতে হবে;
২)যে সকল অধিদপ্তরে পদোন্নতিযোগ্য পদ শূন্য রয়েছে তা পূরণের যথাযথ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে।
৩)অধিদপ্তরসমূহের যে সকল শূন্যপদ পিএসসি এর মাধ্যমে পূরণের জন্য নিয়োগ বিধিতে উল্লেখ রয়েছে সেসকল পদ দ্রুত পূরণের জন্য পিএসসি এর সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।
</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং প্রধান/উপসচিব</td>
</tr>
<tr>
<td>২.৫</td>
<td>
জেলাপ্রশাসক সম্মেলন, ২০২২ এ বিভিন্ন মেয়াদে বাস্তবায়নের জন্য সর্বমোট ৮টি সিদ্ধান্ত রয়েছে।
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>স্বল্প</th><th>মধ্য</th><th>দীর্ঘ</th><th>মোট</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>১</td><td>০</td><td>১</td><td>২</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১</td><td>১</td><td>২</td><td>৪</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>০</td><td>১</td><td>১</td><td>২</td></tr>
<tr><td>সর্বমোট সিদ্ধান্ত</td><td>২</td><td>২</td><td>৪</td><td>৮</td></tr>
</table>
</td>
<td>১) জেলা প্রশাসক সম্মেলন, ২০২২ এ গৃহীত এ বিভাগের অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট অনুবিভাগ/ সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | **ই-টেন্ডারিং :**<br>**ডিআইপি :** ২০২২-২০২৩ অর্থবছরে আগস্ট, ২০২২-এর ই-জিপিতে একটি পণ্যের টেন্ডার আহ্বান করা ২০০টি DSLR Camera ক্রয় সংক্রান্ত।<br><br>**এফএসসিডি :** সে মোতাবেক উন্মুক্ত টেন্ডার ও ই-জিপি টেন্ডার আহ্বান করার লক্ষ্যে চাহিদা ও প্রাক্কলিত দর নির্ধারণ প্রক্রিয়াধীন রয়েছে। এ লক্ষ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ৩১.০৭.২০২২ তারিখে সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা বরাবরে প্রেরণ করা হয়েছে। অপরদিকে, পোষাক সামগ্রীর টিসি কমবেট কাপড়, স্যান্ডো গেঞ্জি ও বেডশীট ক্রয়ের জন্য ২৮.০৮.২০২২ তারিখে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং ২৮.০৮.২০২২ তারিখ হতে সিডিউল বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। | ১)বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার ক্রয় কার্যক্রম ইজিপিতে সম্পাদন অব্যাহত রাখতে হবে;<br>২)পিপিআর আইন যথাযথভাবে অনুসরণ করে রেশন সামগ্রীসহ সকল প্রকার পণ্য/সেবা/ওয়ার্কস কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br>৩)সরকারি তহবিলের অর্থ দ্বারা কোন পণ্য/সেবা/কার্য ক্রয়ের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা এবং ক্রয় কার্যে অংশগ্রহণের ইচ্ছুক সকল ব্যক্তির প্রতি সম-আচরণ ও অবাধ প্রতিযোগিতা নিশ্চিত করতে হবে। | **অধিদপ্তর প্রধান/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব (প্রশাসন-২)** |

| | | | |
|---|---|---|---|
| ২.৭ | **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি:** ০৩ জুলাই ২০২২. তারিখে সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং মন্ত্রিপরিষদ সচিব এর সাথে এপিএ চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চলতি বছর সুরক্ষা সেবা বিভাগের এপিএ'তে মোট ৪০টি কার্যক্রম রয়েছে, যার বিপরীতে মোট ৭০ নম্বর বরাদ্দ রয়েছে। এ অর্থবছরে সকল সূচক যেন নির্ধারিত সময়ে অর্জিত হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রাখার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১)বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত সূচক অর্জনের নিমিত্ত এপিএ টিম লিডার এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অধীন দপ্তর/সংস্থার সাথে নিয়মিত পর্যালোচনা সভা করতে হবে;<br><br>২) কোন সূচক অর্জনের ক্ষেত্রে কোন ধরনের অসুবিধা পরিলক্ষিত হলে তা নিরসনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সাথে সভা অনুষ্ঠানসহ দাপ্তরিক/ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৩)পরবর্তী সমন্বয়সভায় এপিএ কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে, সুতরাং এ বিষয়ে দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সকলকে বাস্তবায়ন অগ্রগতির সর্বশেষ অগ্রগতি ও কোন প্রকার প্রতিবন্ধকতা থাকলে তা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | **অধিদপ্তর প্রধান (সকল)/সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।** |

২.৮

**অডিট:** সভায় বাজেট-২ শাখা হতে প্রাপ্ত এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের অডিট কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অডিট সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনের পূর্বে গত মাস পর্যন্ত মিটিং এর সংখ্যা, জবাব প্রদানের সংখ্যা, সুপারিশের সংখ্যা, নিষ্পত্তির সংখ্যা ইত্যাদি উপস্থাপন নিয়ে সভায় বিশদ আলোচনা করা হয়। বিবেচ্য মাসে অডিট কার্যক্রমে সর্বশেষ অগ্রগতি নিম্নরূপঃ

**এসএসডি:** ২০২০-২১ অর্থবছরের ৬টি অডিট আপত্তির জবাব আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।

**ডিআইপি:** ১০টি আপত্তি 'ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প' সংশ্লিষ্ট যাতে জড়িত অর্থের পরিমাণ ২৯০ কোটি ৬৫ লক্ষ ৩ হাজার ৯৩৭/-টাকা।

**প্রিজন:** ১৪টি আপত্তির ব্রডশিট জবাবের কার্যক্রম বাজেট-২ শাখায় চলমান।

এফএসসিডি: ২০১৭-১৮ অর্থবছরের ১২টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। ২০১৮-১৯ অর্থবছরের ১৩টি অডিট আপত্তির মধ্যে ২টি অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়েছে। অবশিষ্ট ৩টি অডিট আপত্তি অধিকতর মতামতসহ ০৮ আগস্ট ২০২২ তারিখে সুপারিশের জন্য এ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ৮টি অডিট আপত্তি নিষ্পত্তি আইটি ও জনসেবা অডিট অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে। ২০২০-২১ অর্থবছরের ১৭টি অডিট আপত্তির মধ্যে ১৭ আগস্ট ২০২২ তারিখে ৫টি অডিট আপত্তি নিষ্পতি করা হয়েছে এবং বাকী ১২টি আপত্তি আইটি ও জনসেবা অধিদপ্তরে প্রক্রিয়াধীন রয়েছে।

**ডিএনসি:** মোট আপত্তির সংখ্যা ১৪টি; ৯টি আপত্তি ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত এবং ৪টি আপত্তির জবাব এ বিভাগ হতে অডিট অধিদপ্তরে সুপারিশ করে প্রেরণ করা হয়েছে। এ অধিদপ্তর হতে ২৮ আগস্ট ২০২২ তারিখে ১টি অডিট আপত্তির জবাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে।

| অধিদপ্তর | আপত্তির সংখ্যা | জড়িত অর্থের পরিমাণ | জবাব প্রদান করা হয়নি এমন আপত্তির সংখ্যা | আপত্তিসমূহের সর্বশেষ হালনাগাদ অবস্থান |
|---|---|---|---|---|
| **এসএসডি** | ৬টি | ৬৫,১১,৫২৯ | ০০ | **এসএসডি**:০<br>**অধি**:০<br>**আইটি ও জনসেবা অডিট অধি**:৬টি |
| **ডিআইপি** | ৬৮টি<br>সাধা:-১১<br>অগ্রিম-৫৭ | ২৮১৩,২৩,৩৩,৬৬২.৭<br>(সা:২৫২,৫০,৪৭,৩৪০.৯২<br>অ:২৫৬০,৭২,৮৬,৩২১.৮ | ২৯টি | **এসএসডি**:৩টি<br>**অধি**:৩৪টি<br>**আইটি ও জনসেবা অডিট অধি**:৩১টি |
| **প্রিজন** | ২৩১টি | ১৯১,০৩,৫১,১২১ | ৩৬টি<br>(নতুন) | **এসএসডি**:১৪টি<br>**অধি**:৯৮টি<br>**আইটি ও জনসেবা অডিট অধি**:১১৯টি |
| **এফএসসিডি** | ৩৫টি<br>(সাধা:১২টি<br>অগ্রিম:১১টি<br>খসড়া:১২টি) | ৭১,৮৮,৩৯,২৮৬<br>(২,৫৩,৮২,৬৮৯<br>৫২,৪৩,৮৬,১৫৩<br>১৬,৯০,৭০,৪৪৪ | ০০ | **এসএসডি**:৩টি<br>**অধি**:০<br>**আইটি ও জনসেবা অডিট অধি**:৩২টি |
| **ডিএনসি** | ১৪টি | ৭৩৩,৬৩,১৪,৮৫০ | ০০ | **এসএসডি**:০<br>**অধি**:০<br>**আইটি ও জনসেবা অডিট অধি**:১৪টি |

**সিদ্ধান্তসমূহ:**

১)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এ্যালকোহলের সাথে পানি মিশ্রণ বিষয়ে উত্থাপিত অডিট আপত্তিটি এনবিআর-এর সাথে বৈঠক করে দ্রুত নিষ্পত্তি করতে হবে, ভবিষ্যতে যেন অনুরূপ আপত্তি উত্থাপিত না হয় সেজন্য এনবিআর-এর পরামর্শ অনুসরণ করতে হবে, অধিকন্তু, ফিনিশড প্রোডাক্ট-এ ভ্যাট আরোপ বিষয়ে এনবিআর যেরূপ সিদ্ধান্ত দিবে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-কে তার অধিক্ষেত্রে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২) যে সকল আপত্তির ব্রডশিট জবাব প্রদান এখনো বাকী আছে সেসকল আপত্তির ব্রডশিট জবাব এক মাসের মধ্যে প্রদান করতে হবে;

৩)দীর্ঘদিনের পুরাতন আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে;

৪)অডিট সংক্রান্ত তথ্যাদি উপস্থাপনকালে প্রতি মাসে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সংখ্যা, গত মাস পর্যন্ত জবাব প্রদানের সংখ্যা, সুপারিশের সংখ্যা, নিষ্পত্তির সংখ্যা ও অনিষ্পন্ন আপত্তির সংখ্যা ইত্যাদি তথ্যাদি প্রদান অব্যাহত রাখতে হবে

**সংশ্লিষ্ট অনুবিভাগ /অধিদপ্তর প্রধান(সকল)/ উপসচিব (বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা।**

<table>
<tr>
<td>২.৯</td>
<td>পেনশন:
<table>
<tr><th>অধিদপ্তর</th><th>পেনশনের সংখ্য</th><th>বিবেচ্য মাসে নিষ্পত্তি</th><th>অবশিষ্ট</th></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৪</td><td>০</td><td>৪</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১</td><td>০</td><td>১</td></tr>
</table>
</td>
<td>১)এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান/ সংশ্লিষ্ট অনুবিভাগ।</td>
</tr>
<tr>
<td>২.১০</td>
<td>পরিদর্শন :
<table>
<tr><th>কর্মকর্তা</th><th>স্থাপনা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>জনাব মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়</td><td>১৫.৮.২২ তারিখ হতে ১৬.০৮.২২ তারিখ পর্যন্ত জেলা পরিষদ, ময়মনসিংহ-এ আয়োজিত ‘মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন’ সংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণ।</td><td></td></tr>
<tr><td>২.জনাব মোঃ হাবিবুর রহমান, অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)</td><td>২৮.০৮.২২ তারিখে গাজিপুর জেলায় গাজিপুর চৌরাস্তা মডার্ন ফায়ার স্টেশন, গাজীপুর চৌরাস্তা মডার্ন ফায়ার স্টেশনের মেইন গেইট সড়ক ও জনপথ বিভাগের মুখোমুখি নির্মাণ এবং পুকুরের পাড় বাধাই কর্মকান্ড ও আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাজিপুর।</td><td></td></tr>
<tr><td>ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাইন উদ্দিন, বিএসপি,এনডিসি, পিএসসি, জি, এমফিল, মহাপরিচালক</td><td>*০২.০৮.২২ তারিখে মুন্সীগঞ্জ জেলার লৌহজং ও টংগীবাড়ী নবনির্মিত ফায়ার স্টেশন।<br><br>*১০-১১.০৮.২২ তারিখে উপপরিচালকের দপ্তর, চট্টগ্রাম এবং লোহাগড়া (চট্টগ্রাম), কক্সবাজার ফায়ার স্টেশন ও কক্সবাজার এর ঝিলংজা-তে আধুনিক ফায়ার স্টেশন।</td><td></td></tr>
<tr><td>জনাব মোঃ ওয়াহিদুল ইসলাম<br>পরিচালক (প্রশাঃ ও অর্থ)</td><td>*০৪.০৮.২২ তারিখে পূর্বাচল ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স মাল্টিপারপাস ট্রেনিং গ্রাউন্ড।<br><br>*২১.০৮.২২ তারিখে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা</td><td></td></tr>
</table>
</td>
<td>১)প্রত্যেক মাসে আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।</td>
</tr>
<tr>
<td>২.১১</td>
<td>অনিষ্পন্ন বিষয়/পত্রাদি: সভাকে জানানো হয় অনিষ্পন্ন বিষয়টি যথারীতি নিষ্পন্ন করা হচ্ছে। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সংশ্লিষ্ট অনিষ্পন্ন তথ্যাদি:
<table>
<tr><td>১।</td><td>সাংগঠনিক কাঠামো (অর্গানোগ্রাম)।</td></tr>
<tr><td>২।</td><td>আঞ্চলিক পাসপোর্ট অফিস যাত্রাবাড়ীর নাম পরিবর্তন করে “আঞ্চলিক পাসপোর্ট অফিস কেরাণীগঞ্জ নামকরণ”।</td></tr>
<tr><td>৩।</td><td>“পাসপোর্ট পার্সোনালাইজেশন কমপ্লেক্স সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটি সবুজ পাতায় অন্তর্ভুক্তকরণ”।</td></tr>
<tr><td>৪।</td><td>এসিসট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৪টি ও এসিসট্যান্ট প্রোগ্রামার ১টি সর্বমোট ৫টি শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের প্রস্তাব।</td></tr>
<tr><td>৫।<br><br><br>৬।</td><td>সাব এসিসট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার এর ৪ (চার)টি পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের প্রস্তাব।<br><br>কারা অধিদপ্তর:<br>• কাশিমপুর ২০০ শয্যা বিশিষ্ট কারা হাসপাতালে জন্য সৃষ্ট ৫৫ ক্যাটাগরির ১৫০টি অস্থায়ী পদ;<br>• খুলনা, দিনাজপুর ও ফরিদপুর জেলা কারাগারকে কেন্দ্রীয় কারাগার হিসেবে ঘোষণা করার প্রস্তাব;</td></tr>
</table>
</td>
<td>১)এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ অনুবিভাগ প্রধান (সকল)।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২.১২</td>
<td>প্রশিক্ষণ (আগস্ট, ২০২২): লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।
<table>
<tr><th>মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তরের নাম</th><th>কর্মকর্তা- কর্মচারীর শ্রেণি</th><th>কর্মকর্তা- কর্মচারীর সংখ্যা</th><th>ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ (ঘণ্টা)</th></tr>
<tr><td rowspan="4">সুরক্ষা সেবা বিভাগ</td><td>৯ম ও তদূর্দ্ধ গ্রেড</td><td>৩০</td><td>২</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৩২</td><td>২</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>৫৯</td><td>২</td></tr>
<tr><td>১৭-২০ গ্রেড</td><td>৩২</td><td>২</td></tr>
<tr><td rowspan="4">ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর</td><td>৯ম ও তদূর্দ্ধ গ্রেড</td><td>৩২</td><td>০</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৫</td><td>০</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্বগ্রেড</td><td>১২৯</td><td>০</td></tr>
<tr><td>২০ ও তদূর্ধ্বগ্রেড</td><td>১৫</td><td>৩</td></tr>
<tr><td rowspan="4">মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর</td><td>৯ম ও তদূর্দ্ধ গ্রেড</td><td>১১৬</td><td>৯</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>১৬৩</td><td>৯</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্বগ্রেড</td><td>১৪৪৫</td><td>৫</td></tr>
<tr><td>২০ ও তদূর্ধ্বগ্রেড</td><td>১০০</td><td>০</td></tr>
<tr><td rowspan="4">ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর</td><td>৯ম ও তদূর্দ্ধ গ্রেড</td><td>৪৪</td><td>১২</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৬৫৫</td><td>১১</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্বগ্রেড</td><td>৩,৭৬৭</td><td>১২</td></tr>
<tr><td>২০ ও তদূর্ধ্বগ্রেড</td><td>৭,৬৯৬</td><td>১৫</td></tr>
<tr><td rowspan="5">কারা অধিদপ্তর</td><td>৯ম ও তদূর্দ্ধ গ্রেড</td><td>১২১</td><td>১০</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>১৪১</td><td>১০</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্বগ্রেড</td><td>৩৭৮ (সিভিল)</td><td>১০</td></tr>
<tr><td>১৬ ও তদূর্ধ্বগ্রেড</td><td>৮৭৫৮ (ইউনিফর্ম)</td><td>১০</td></tr>
<tr><td>২০ ও তদূর্ধ্ব গ্রেড</td><td>১৯</td><td>৮</td></tr>
</table>
</td>
<td>১)জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়সহ অধিদপ্তরের প্রয়োজন ও চাহিদা মোতাবেক(Need Based)প্রশিক্ষণ ক্যালেন্ডার মোতাবেক মানসম্মত ইনহাউজ প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.১৩</td>
<td>ওয়েবসাইট হালনাগাদকরণ : সভাকে জানানো হয়, জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে প্রতিমাসের ১ম ৩ (তিন) কার্যদিবসের মধ্যে আপলোড/আপডেটকরণ অব্যাহত আছে।</td>
<td>১)ওয়েবসাইটে প্রতি সপ্তাহে আবশ্যিকভাবে সকল প্রকার গুরুত্বপূর্ণ কর্মকান্ড আপলোড/আপডেটকরণ অব্যাহত রাখতে হবে;</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)।</td>
</tr>
<tr>
<td>২.১৪</td>
<td>ই-ফাইলিং:
<table>
<tr><th>অধিদপ্তরের নাম</th><th>হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার</th><th>নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার</th></tr>
<tr><td>এফএসসিডি</td><td>১১২</td><td>২৯৫</td><td>৪০৭</td><td>২৭.৫২%</td><td>৭২.৪৮%</td></tr>
<tr><td>ডিআইপি</td><td>৬৮</td><td>২৯২</td><td>৩৬০</td><td>১৯%</td><td>৮১%</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>৯০%</td></tr>
<tr><td>প্রিজন</td><td>১৭</td><td>২৯০</td><td>৩০৭</td><td>৬</td><td>৯৪%</td></tr>
</table>
</td>
<td>১)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার পত্র যোগাযোগ ই-নথির মাধ্যমে নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;<br><br>২)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের ই-নথিতে নিষ্পত্তিকৃত কার্যক্রমের অগ্রগতি শতকরা হারে বিভাগ/দপ্তর/সংস্থাওয়ারী প্রতি মাসের সমন্বয়সভায় ছকে উপস্থাপন অব্যাহত রাখতে হবে।<br><br>৩)যেসকল অধিদপ্তর ৯০% এর অধিক নথিপত্র ই-ফাইলে নিস্পত্তি করা হয়েছে সেসকল দপ্তর/সংস্থা প্রধানকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td>
<td>অধিদপ্তর প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন-১)।</td>
</tr>
</table>

**২.১৫** **ইনোভেশন ও উত্তম চর্চা :**

০৮ আগস্ট ২০২২ তারিখে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক ১.২.১ মোতাবেক ডাটাবেজ প্রস্তুত সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অবহিত করা হয়েছে।

২৩ আগস্ট ২০২২ তারিখে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের ২০২২-২০২৩ অর্থবছরের ১ম সভা অনুষ্ঠিত হয়েছে।

১)মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে চলতি অর্থবছরের ইনোভেশন কার্যক্রম সম্পাদন করার সকল আনুষ্ঠানিকতা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;

২)বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তমচর্চা বিষয়ক বাস্তবায়ন অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**অধিদপ্তর প্রধান (সকল)/ প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও চিফ ইনোভেশন কর্মকর্তা।**

**২.১৬** **ভিডিও কনফারেন্সিং :**

| বিভাগ/অধিদপ্তর | ভিডিও কনফারেন্সর সংখ্যা |
|---|---|
| এসএসডি | ১১টি |
| ডিএনসি | ৬টি |
| ডিআইপি | ৩টি |
| এফএসসিডি | ২টি |
| প্রিজন | ৫টি |
| **সর্বমোট** | **২৭টি** |

১)মাঠ পর্যায়ের দপ্তরগুলোর সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন অব্যাহত রাখতে হবে।

**অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

**২.১৭** **সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন দপ্তরসমূহে চলমান বিভাগীয় মামলার পরিসংখ্যান :**

**বাস্তবায়ন অগ্রগতি:**

| ক্রম-(১) | দপ্তর/সংস্থা-(২) | গত মাস পর্যন্ত মামলার সংখ্যা (৩) | চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা-(৪) | মোট মামলার সংখ্যা-(৫) | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা-(৬) | অবশিষ্ট মামলার সংখ্যা-(৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | এসএসডি | ১০ম-২০তম গ্রেড=২ | ০ | ২ | ০ | ২ |
| ২ | ডিআইপি | ১০ম-২০তম গ্রেড=৮ মোট=৮টি | ১০ম-২০তম গ্রেড=১ মোট=১টি | ৯ | ০ | ৯ |
| ৩ | এফএসসিডি | ১০ম-২০তম গ্রেড=৯০ মোট=৯০টি | ০ | ৯০ | ০ | ৯০ |
| ৪ | ডিএনসি | ১০ম-২০তম গ্রেড=৩৮ মোট=৩৮টি | ২য়-৯ম গ্রেড=১ ১০ম-২০তম গ্রেড=১ মোট-২টি | ৪০ | ০ | ৪০ |
| ৫ | প্রিজন | ২য়-৯ম গ্রেড=৩ ১০ম-২০তম গ্রেড=৪২৬ মোট-৪২৯টি | ২য়-৯ম গ্রেড=১ ১০ম-২০তম গ্রেড=৩৫ মোট-৩৬টি | ৪৬৫ | ২য়-৯ম গ্রেড=১ ১০ম-২০তম গ্রেড=৪১ মোট-৪২টি | ৪২৩ |
| মোট | | **৫৬৭** | **৩৯** | **৬০৪** | **৪২** | **৫৬২** |

**সিদ্ধান্তসমূহ:**

১)চলমান মামলাসমূহ নির্ধারিত সময়ে নিস্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

২)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং করতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে;

৩)তদবীরের অভাবে যেন কোন মামলার মেরিট নষ্ট না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।

**অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ/ প্রোগ্রামার।**

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি পেন্ডিং বিষয়সমূহ অগ্রাধিকারভিত্তিতে অত্যন্ত দ্রুততার সাথে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সভায় উপস্থিত সকল সদস্য ও তাঁদের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীগণের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আবদুল্লাহ আল মাসুদ চৌধুরী
সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.৩১১

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

মোঃ আবদুল কাদির
উপসচিব